অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/19/2023 **গভর্নর ক্যাথি হোকল**

নিউ ইয়র্ক স্টেট জুড়ে 1,600টিরও বেশি সাশ্রয়ী ও সহায়তামূলক বাড়ি নির্মাণের জন্য 390 মিলিয়ন ডলারেরও বেশি অর্থায়ন প্রদান সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণা

এর মধ্যে সারাটোগা স্প্রিংসে 202টি সাশ্রয়ী বাড়ির জন্য 61.4 মিলিয়ন ডলার, বাফেলোতে সাশ্রয়ী ও সহায়তামূলক আবাসন কমপ্লেক্সের জন্য 40.1 মিলিয়ন ডলার, হারলেমে মিচেল-লামা কোঅপারেটিভের সংস্কারকাজের জন্য 20.4 মিলিয়ন ডলার অন্তর্ভুক্ত রয়েছে

গভর্নর ক্যাথি হোকল আজ স্টেট জুড়ে 1,600টিরও বেশি সাশ্রয়ী মূল্যের, টেকসই এবং সহায়ক বাড়ি তৈরি বা সংরক্ষণের জন্য বন্ড ও ভর্তুকিতে 390 মিলিয়ন ডলারেরও বেশি প্রদানের ঘোষণা করেছেন। বাড়তি বেসরকারি অর্থায়ন ও সংস্থানসমূহ কাজে লাগিয়ে, অনুদানপ্রাপ্ত এই দশটি প্রকল্প 600 মিলিয়ন ডলারেরও বেশি মোট বিনিয়োগ তৈরি করবে বলে প্রত্যাশা করা হচ্ছে যা স্থানীয় অর্থনৈতিক উন্নয়নের প্রচেষ্টাগুলোতে সহায়তা করবে এবং স্টেটজুড়ে ব্যক্তি ও পরিবারগুলোর জন্য নিরাপদ, সুরক্ষিত, ও স্বাস্থ্যকর আবাসনের সুযোগ-সুবিধা সরবরাহ সম্প্রসারণ করার জন্য নিউ ইয়র্কের অঙ্গীকারাবদ্ধতাকে এগিয়ে নিয়ে যাবে।

"আমাদের স্টেট একটি গুরুতর আবাসন সংকটের সম্মুখীন হওয়ার এই সময়ে, 1,600টিরও বেশি নতুন বাড়ি তৈরি ও সংরক্ষণ করার জন্য এই বিনিয়োগ নিউ ইয়র্কের আবাসন স্বল্পতা মোকাবেলার লক্ষ্যে গৃহীত একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপের সূচনা করছে," **বলেছেন গভর্নর হোকল।** "আমাদের আবাসনের সরবরাহ নির্মাণ, সংরক্ষণ, ও স্থিতিশীল করা আমার প্রশাসনের একটি শীর্ষ অগ্রাধিকার, এবং নিউ ইয়র্ককে নিজেদের ঠিকানা হিসেবে পরিচয় দিতে চাওয়া যেকোনো ব্যক্তির জন্য আমাদের পর্যাপ্ত, নিরাপদ, ও সাশ্রয়ী আবাসন থাকা নিশ্চিত করতে আমি নিউ ইয়র্ক হাউজিং কমপ্যাক্ট (New York Housing Compact)-এর মতো সমাধানগুলো সামনে নিয়ে আসতে অঙ্গীকারাবদ্ধ রয়েছি।"

এই অর্থায়ন নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়ালের (New York State Homes and Community Renewal) অক্টোবর ও ডিসেম্বর 2022-এ বন্ড ইস্যুর মাধ্যমে সম্ভব হয়েছে যা কর-মুক্ত হাউজিং বন্ডে 231.2 মিলিয়ন ডলার এবং ভর্তুকিতে 159 মিলিয়ন ডলার প্রদান করে, যার মধ্যে নিউ ইয়র্ক স্টেটের জ্বালানি গবেষণা ও উন্নয়ন কর্তপক্ষের (Energy Research and Development Authority) ক্লিন এনার্জি ইনিশিয়েটিভ (Clean Energy Initiative)-এর মাধ্যমে 2.7 মিলিয়ন ডলারের অর্থায়ন অন্তর্ভুক্ত রয়েছে।

বরাদ্দের মধ্যে রয়েছে:

রাজধানী অঞ্চল

সারাটোগা স্প্রিংস সিটিতে টেইট লেন রিজার্ভের (Tait Lane Reserve) জন্য 61.6 মিলিয়ন ডলার। এই প্রকল্প টাউনহোম এবং এলিভেটরবিহীন তিন-তলা ভবনের সম্মিলনে 202টি সাশ্রয়ী অ্যাপার্টমেন্ট তৈরি করবে। গৃহহীনতার সম্মুখীন হওয়া ব্যক্তিদের জন্য দশটি অ্যাপার্টমেন্ট সংরক্ষিত থাকবে, যেগুলোর জন্য নিউ ইয়র্ক স্টেটের অস্থায়ী ও অক্ষমতা সংক্রান্ত সহায়তা বিষয়ক দপ্তর (Office of Temporary and Disability Assistance) কর্তৃক বরাদ্দকৃত এম্পায়ার স্টেট সহায়তামূলক আবাসন উদ্যোগের (Empire State Supportive Housing Initiative) একটি অনুদানের মাধ্যমে অর্থায়ন করা হবে। এই প্রকল্পকে NYSERDA-এর লো-রাইজ নতুন আবাসিক ভবন নির্মাণ কর্মসূচির (Low-rise Residential New Construction) তরফ থেকে 148,200 ডলার প্রদান করা হয়েছে। এই উন্নয়ন প্রকল্প এই উচ্চ সুযোগ-সুবিধাসম্পন্ন এলাকায় আরো বেশি আবাসিক ভবন নির্মাণের সুযোগ করে দেওয়ার জন্য একটি রিজোনিংয়ের ফলাফল।

ট্রয় সিটির টেইলর I অ্যাপার্টমেন্টের জন্য 51.5 মিলিয়ন ডলার। ট্রয় হাউজিং অথরিটির (Troy Housing Authority) দুইটি খালি পড়ে থাকা ও পরিত্যক্ত সম্পত্তি ভেঙে ফেলা হবে এবং 141টি অ্যাপার্টমেন্ট এবং গ্রাউন্ড ফ্লোরে 2,000 বর্গফুটের বেশি আয়তনের বাণিজ্যিক স্থান নিয়ে একটি নবনির্মিত সাত-তলা ভবন দিয়ে প্রতিস্থাপন করা হবে। সবগুলো অ্যাপার্টমেন্ট ট্রয় হাউজিং অথরিটি কর্তৃক ইস্যুকৃত প্রকল্প-ভিত্তিক সেকশন 8 ভাউচারের আওতাধীন থাকবে। টেইলর I (Taylor I) হচ্ছে সাউথ সেন্ট্রাল ট্রয়ের নদীর তীরবর্তী এলাকার সংস্কার করার জন্য নকশাকৃত এই সিটির ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগ (Downtown Revitalization Initiative) পরিকল্পনার একটি অগ্রাধিকারমূলক প্রকল্প।

ফিঙ্গার লেকস

মনরো কাউন্টির হেনরিয়েটা টাউনে মার্কেটপ্লেস সিনিয়র অ্যাপার্টমেন্টস (Marketplace Senior Apartments)-এর জন্য 43 মিলিয়ন ডলার। এই চার-তলা ভবনে স্বনির্ভরভাবে জীবনযাপন করার জন্য সহায়তামূলক পরিষেবাগুলোর প্রয়োজন হয় এমন 55 বছর এবং তার বেশি বয়সী অধিবাসীদের জন্য সংরক্ষিত 45টি বাড়ি সহ মোট 150টি সাশ্রয়ী অ্যাপার্টমেন্ট থাকবে। অনসাইট পরিষেবাগুলো নিউ ইয়র্ক স্টেটের অফিস অব মেন্টাল হেলথ (Office of Mental Health) কর্তৃক বরাদ্দকৃত এম্পায়ার স্টেট সহায়তামূলক আবাসন উদ্যোগের একটি অনুদানের মাধ্যমে অর্থায়ন করা হবে। উচ্চ জ্বালানি দক্ষতাসম্পন্ন এই নকশার জন্য নিউ ইয়র্ক স্টেটের জ্বালানি গবেষণা ও উন্নয়ন কর্তৃপক্ষের ক্লিন এনার্জি ইনিশিয়েটিভের তরফ থেকে 825,000 ডলারের একটি অনুদান সহায়তা প্রদান করছে।

নিউ ইয়র্ক সিটি

ব্রঙ্কসের ফোর্ডহ্যাম হাইটস সেকশনে বেডফোর্ড গ্রিন হাউস ফেস II (Bedford Green House Phase II)-এর জন্য 44.7 মিলিয়ন ডলার। 17-তলা এই ভবনে 116টি সাশ্রয়ী অ্যাপার্টমেন্ট থাকবে যার মধ্যে 70টি অ্যাপার্টমেন্ট গৃহহীনতার সম্মুখীন ব্যক্তিদের জন্য সংরক্ষিত থাকবে। এসব বাসিন্দা নিউ ইয়র্ক স্টেটের অফিস অব মেন্টাল হেলথ (Office of Mental Health) কর্তৃক পরিচালিত এম্পায়ার স্টেট সহায়ক আবাসন উদ্যোগের (Empire State Supportive Housing Initiative) একটি অনুদানের মাধ্যমে ভাড়া বাবদ অনুদান ও পরিষেবা পাবেন। অবশিষ্ট 46টি অ্যাপার্টমেন্ট 62 বছর বা তার বেশি বয়সী প্রবীণদের ও পরিবারগুলোর জন্য রাখা হবে। এই উন্নয়ন প্রকল্পে অধিবাসীদের এবং আশেপাশের কমিউনিটিকে সেবা দেওয়ার জন্য 2,300 বর্গফুট আয়তনের একটি মেডিকেল ক্লিনিক থাকবে।

ব্রুকলিনের ইস্ট নিউ ইয়র্ক এলাকায় শেফার্ড গ্লেনমোরের জন্য 44.2 মিলিয়ন ডলার। এই সাত-তলা ভবনে 123টি সাশ্রয়ী বাড়ি থাকবে, যার মধ্যে 74টি অ্যাপার্টমেন্ট ক্রিমিনাল-জাস্টিস কার্যক্রমে সম্পৃক্ততা, মাদকদ্রব্য ব্যবহার সংক্রান্ত সমস্যা, অথবা মানসিক অসুস্থতার কারণে গৃহহীনতার সম্মুখীন হওয়া ব্যক্তিদের জন্য সংরক্ষিত থাকবে। পরিষেবা ও ভাড়া-সংক্রান্ত ভর্তুকির ব্যয় এম্পায়ার স্টেট সহায়ক আবাসন উদ্যোগের (Empire State Supportive Housing Initiative) একটি বরাদ্দের মাধ্যমে পরিশোধ করা হবে এবং নিউ ইয়র্ক স্টেটের অস্থায়ী ও অক্ষমতা সংক্রান্ত সহায়তা বিষয়ক দপ্তর (Office of Temporary and Disability Assistance) এটি পরিচালনা করবে। আরো আটটি অ্যাপার্টমেন্ট প্রবীণদের জন্য সংরক্ষিত থাকবে। জ্বালানি দক্ষতাসম্পন্ন এই ভবনে অন-সাইট বিদ্যুৎ উৎপাদনের জন্য ছাদে একটি সোলার অ্যারে মাউন্ট করা থাকবে।

ব্রঙ্কসের ইস্ট ট্রেমন্ট এলাকায় ক্রোটোনা বেলমন্ট সিনিয়র হাউজিং (Crotona Belmont Senior Housing)-এর জন্য 27.5 মিলিয়ন ডলার। দশতলা এই ভবনে 62 বছর এবং তার বেশি বয়সী প্রবীণদের জন্য 134টি সাশ্রয়ী অ্যাপার্টমেন্ট থাকবে। 41টি অ্যাপার্টমেন্ট আগে গৃহহীন অবস্থায় থাকা প্রবীণদের জন্য সংরক্ষিত থাকবে যারা নিউ ইয়র্ক সিটির মানব সম্পদ প্রশাসনের (Human Resources Administration) তরফ থেকে একটি অনুদানের দ্বারা অর্থায়নকৃত সহায়তামূলক পরিষেবাগুলো লাভ করবেন। সব পরিবার নিউ ইয়র্ক সিটি আবাসন কর্তৃপক্ষ (New York City Housing Authority) কর্তৃক বরাদ্দকৃত সেকশন 8 প্রকল্প ভিত্তিক ভাউচারের মাধ্যমে ভাড়া সংক্রান্ত সহায়তা পাবে।

ম্যানহাটনের হ্যামিল্টন হাইটস এলাকায় রিভার ভিউ টাওয়ার্স (River View Towers)-এর জন্য 20.4 মিলিয়ন ডলার। এই প্রকল্প 385টি সাশ্রয়ী বাড়ি বিশিষ্ট স্টেটের তত্ত্বাবধানে পরিচালিত এই 25-তলা মিচেল-লামা কোঅপারেটিভে মূলধনী উন্নয়নের জন্য অর্থায়ন করবে। মূলত 1964 সালে নির্মিত এই ভবনে বিভিন্ন উন্নয়নকাজ সম্পন্ন করার প্রয়োজন রয়েছে, যেমন ছাদ প্রতিস্থাপন এবং অ্যাসবেস্টস সরানো, বয়লার ও সংশ্লিষ্ট পাইপিং প্রতিস্থাপন, নতুন জানালা ও ব্যালকনির দরজা লাগানো, এবং আস্তরনের ফাটল মেরামত। এসব উন্নয়ন জ্বালানি দক্ষতা উন্নত করবে এবং ভবনের জ্বালানি ব্যবহার 14 শতাংশ পর্যন্ত কমিয়ে আনবে বলে প্রত্যাশা করা হচ্ছে। ভবনটির মালিক রিভার টাওয়ার্স, ইনক. (River Towers, Inc.)।

মিড-হাডসন অঞ্চল

কিংসটন সিটির স্টাইভেসেন্ট অ্যাপার্টমেন্টস (Stuyvesant Apartments)-এর জন্য 39.6 মিলিয়ন ডলার। এই প্রকল্পের মধ্যে কিংসটন আবাসন কর্তৃপক্ষের (Kingston Housing Authority) সঙ্গে অধিভুক্ত 120টি অ্যাপার্টমেন্টের একটি আবাসন উন্নয়ন প্রকল্পের পুনর্বাসন অন্তর্ভুক্ত রয়েছে। মূলত 1972 সালে ডিপার্টমেন্ট অব হাউজিং অ্যান্ড আরবান ডেভেলপমেন্ট (Department of Housing and Urban Development)-এর সেকশন 236 কর্মসূচির আওতায় নির্মিত, এই ভবনটি ভবনের কার্যকর আয়ু বৃদ্ধি করা, অধিবাসীদের জন্য নিরাপত্তা ও জীবনের মান উন্নত করা, এবং জ্বালানি দক্ষতা বৃদ্ধি করার জন্য বিস্তৃত মেরামত এবং সিস্টেমগুলো প্রতিস্থাপনের মধ্য দিয়ে গমন করবে। এসব অতিপ্রয়োজনীয় মেরামত কাজে অর্থায়ন করার মাধ্যমে, এই প্রকল্পের অর্থায়ন এই ভবনের অধিবাসীদের জন্য দীর্ঘ-মেয়াদী সুলভতা সংরক্ষণ করতে সাহায্য করবে।

ওয়েস্টার্ন NY

এরি ও নায়াগ্রা কাউন্টিতে পৃথক সাইটে অবস্থিত ম্যাগনোলিয়া আবাসন প্রকল্পের (Magnolia Housing Scattered Site) জন্য 17.7 মিলিয়ন ডলার। এই প্রকল্প সর্বমোট 96টি অ্যাপার্টমেন্ট বিশিষ্ট স্টেটের অর্থায়নে পরিচালিত চারটি বিদ্যমান সাশ্রয়ী আবাসন উন্নয়ন প্রকল্পে সুলভতা সংরক্ষণ করতে এবং মধ্যম পর্যায়ের পুনর্বাসন সম্পন্ন করতে সহায়তা করবে। ভবনগুলোর মধ্যে রয়েছে অস্টিন ম্যানর (Austin Manor) ও গ্র্যাটউইক ম্যানর (Gratwick Manor), যেগুলোর উভয়টি বাফেলোতে অবস্থিত; চিকটাওয়াগা টাউনে অবস্থিত হাসকেল স্টোভর্ফ (Haskell Stovroff); এবং নর্থ টোনাওয়ান্ডা সিটিতে অবস্থিত এলিজাবেথ হার্ভে (Elizabeth Harvey)। আপগ্রেডগুলো নতুন অ্যাপ্লায়েন্স, জানালা, LED লাইট, HVAC সিস্টেম, এবং ওয়াটার হিটার ইনস্টল করার মাধ্যমে জ্বালানি দক্ষতা কমপক্ষে 20 শতাংশ বৃদ্ধি করবে বলে প্রত্যাশা করা হচ্ছে।

বাফেলোর নর্থ পার্ক এলাকায় প্যান আমেরিকান স্কয়ারের (Pan American Square) জন্য 40.1 মিলিয়ন ডলার। এই উন্নয়ন প্রকল্পের মধ্যে খালি পড়ে থাকা জমির উপর নির্মিত তিনটি চারতলা ভবনে মোট 150টি বাড়ি থাকবে। আশিটি অ্যাপার্টমেন্ট মানসিক অসুস্থতায় আক্রান্ত ব্যক্তিদের জন্য সংরক্ষিত থাকবে এবং নিউ ইয়র্ক স্টেটের অফিস অব মেন্টাল হেলথ-এর কমিউনিটি রেসিডেন্স সিঙ্গেল রুম অকুপ্যান্সি (Community Residence Single Room Occupancy) কর্মসূচির মাধ্যমে সহায়তা লাভ করবে। গৃহহীনতার সম্মুখীন হওয়া প্রাপ্তবয়স্ক ব্যক্তিদের জন্য আরো 20টি বাড়ি আলাদা রাখা হবে এবং নিউ ইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগ (Department of Health) কর্তৃক বরাদ্দকৃত এম্পায়ার স্টেট সহায়তামূলক আবাসন উদ্যোগের একটি অনুদানের মাধ্যমে এগুলোর জন্য অর্থায়ন করা হবে। ভবনগুলো স্থায়িত্বের উচ্চ মানদণ্ড পূরণের জন্য নকশা করা হয়েছে এবং নিউ ইয়র্ক স্টেটের জ্বালানি গবেষণা ও উন্নয়ন সংস্থার ক্লিন এনার্জি ইনিশিয়েটিভের মাধ্যমে 1.9 মিলিয়ন ডলারের একটি অনুদান লাভ করেছে।

হোমস এন্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal)-এর কমিশনার রুথ-অ্যান ভিসনাউকাস বলেন, "আজকের ঘোষণা নিউ ইয়র্ক জুড়ে আবাসন তৈরির কাজ ব্যাপকভাবে সম্প্রসারণ করার জন্য গভর্নর হোকলের সাহসী এজেন্ডার সঙ্গে যোগ হচ্ছে।

আমাদের স্টেটের ভবিষ্যত এধরনের বিনিয়োগগুলোর উপর নির্ভর করছে যেগুলো আমাদের প্রতিবেশীদের জন্য টেকসই, স্বাস্থ্যকর, ও নিরাপদ বাড়ি প্রদান করছে এবং সব কমিউনিটিতে সংস্থান ও সুযোগ-সুবিধাগুলোর অ্যাক্সেস সম্প্রসারণ করছে। এই দশটি উন্নয়ন প্রকল্পকে অনুদান প্রদান করার মাধ্যমে, আমরা 1,600টিরও বেশি পরিবারকে স্থিতিশীলতা অর্জন করতে, সাশ্রয়ীভাবে জীবনযাপন করতে, এবং নিজেদের ঠিকানা হিসেবে পরিচয় দেওয়া কমিউনিটিগুলোতে থেকে যেতে সাহায্য করছি। এই অসাধারণ অর্জনের জন্য আমাদের উন্নয়ন ও অর্থায়ন কাজের সব অংশীদারকে অভিনন্দন।"

অফিস অব মেন্টাল হেলথ-এর কমিশনার ড. অ্যান সালিভান বলেন, "স্থিতিশীল, নিরাপদ আবাসন পুনরুদ্ধার প্রক্রিয়ার একটি অতি গুরুত্বপূর্ণ অংশ। এসব সহায়তামূলক আবাসন প্রকল্প মানসিক অসুস্থতায় আক্রান্ত ব্যক্তিদেরকে নিজেদের বাড়িতে ও কমিউনিটিগুলোতে বসবাস করতে সাহায্য করছে। প্রত্যেক নিউ ইয়র্কবাসী যাতে মানসিক স্বাস্থ্য পরিষেবাগুলোর অ্যাক্সেস পায় সে বিষয়টি নিশ্চিত করার জন্য গভর্নর হোকল ব্যাপক সমর্থন দিয়ে আসছেন এবং তার প্রচেষ্টা অব্যাহত রেখেছেন।"

অস্থায়ী ও অক্ষমতা সংক্রান্ত সহায়তা বিষয়ক দপ্তরের কমিশনার ড্যানিয়েল ডব্লিউ. টিয়েজ বলেন, "অর্থায়নপ্রাপ্ত এসব উন্নয়ন প্রকল্প নিউ ইয়র্ক স্টেট জুড়ে সাশ্রয়ী ও সহায়তামূলক আবাসনের লভ্যতা ব্যাপকভাবে সম্প্রসারণ করার জন্য গভর্নর হোকলের অঙ্গীকারাবদ্ধতার প্রতিফলন। সহায়তামূলক আবাসন শুধু বসবাস করার একটি স্থানই নয়, বরং সাবেক গৃহহীন ব্যক্তি ও পরিবারগুলো যাতে স্থিতিশীল আবাসনে বসবাস করতে পারে সে বিষয়টি নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় পরিষেবাগুলোও প্রদান করে। এসব প্রকল্পে আমাদের স্টেট ও স্থানীয় অংশীদারদের সঙ্গে সহযোগী হয়ে কাজ করতে পেরে আমরা আনন্দিত।"

নিউ ইয়র্ক স্টেটের জ্বালানি গবেষণা ও উন্নয়ন কর্তৃপক্ষের প্রেসিডেন্ট ও CEO ডোরিন এম. হ্যারিস বলেন, "নিউ ইয়র্ক স্টেট জুড়ে একটি সমতাপূর্ণ নির্মল জ্বালানি অর্থনীতি গড়ে তোলার এই সময়ে সবুজ টেকসই আবাসন বৃদ্ধি করার জন্য সরকারি ও বেসরকারি সহায়তাকে কাজে লাগানো গভর্নর হোকলের সাশ্রয়ী আবাসনের লক্ষ্যসমূহ পূরণের প্রচেষ্টার কেন্দ্রবিন্দুতে রয়েছে। HCR-এর সঙ্গে আমাদের অংশীদারিত্বের মাধ্যমে, এধরনের প্রকল্পগুলো কারিগরি সহায়তা ও প্রণোদনা লাভ করছে যা নতুন ও পুরোনো উভয় ধরনের ভবনগুলোতে জ্বালানি দক্ষতাসম্পন্ন সরঞ্জাম এবং নির্মল নবায়নযোগ্য শক্তি একীভূত করতে সহায়তা করছে, যেটি ভবিষ্যত প্রজন্মগুলোর জন্য কমিউনিটিগুলোকে আরো বেশি স্বাস্থ্যকর করে তুলতে সাহায্য করছে।"

স্টেটের স্বাস্থ্য বিভাগের ভারপ্রাপ্ত কমিশনার ড. জেমস ম্যাকডোনাল্ড বলেন, "স্থিতিশীল আবাসন আমাদের সবার জন্য, সব সময়ের একটি অপরিহার্য চাহিদা। আবাসনের অস্থিতিশীলতা স্বাস্থ্য সমস্যাগুলোকে আরো খারাপের দিকে নিয়ে যায় এবং স্বাস্থ্য সংক্রান্ত অসমতাকে আরো ব্যাপক করে তোলে। আবাসনের অনিশ্চয়তার সম্মুখীন হওয়া নিউ ইয়র্কবাসীরা শৈশবের রোগ ও দুরারোগ্য ব্যাধীগুলোতে তুলনামূলকভাবে বেশি আক্রান্ত হয়ে থাকেন। গভর্নর হোকল সত্যিকার অর্থেই বুঝতে পেরেছেন যে আবাসনের সুযোগ-সুবিধার জন্য বিনিয়োগ করা সব নিউ

ইয়র্কবাসীদের নিরাপদ ও সাশ্রয়ী আবাসনের অ্যাক্সেস পাওয়ার বিষয়টি নিশ্চিত করার মাধ্যমে নিউ ইয়র্কবাসীদের সবার জন্য বৃহৎ সুফল নিয়ে আসবে।"

অ্যাসেম্বলি সদস্য লিন্ডা বি. রোজেন্থাল বলেন, "নিউ ইয়র্ক স্টেট সত্যিকার অর্থেই একটি নজিরবিহীন আবাসন সংকটের সম্মুখীন হয়েছে, এবং নিউ ইয়র্কবাসীদের জন্য নিজেদের ঠিকানা হিসেবে পরিচয় দেওয়ার মতো সাশ্রয়ী, অ্যাক্সেসযোগ্য ও স্থিতিশীল স্থানের প্রয়োজনীয়তা এখন আগের যেকোনো সময়ের চেয়ে বেশি হয়ে দেখা দিয়েছে। এরই পরিপ্রেক্ষিতে, সাশ্রয়ী আবাসনের জন্য 390 মিলিয়ন ডলারেরও বেশি অর্থায়ন প্রদান করার জন্য গভর্নর হোকলের ঘোষণাটি একটি স্বাগত জানানোর মতো বিষয়, যেসব আবাসনের মধ্যে NYCHA সম্পত্তিগুলো থেকে শুরু করে সহায়তামূলক আবাসন, প্রবীণদের কমিউনিটিগুলোকে সেবা প্রদানকারী কমপ্লেক্সসমূহ অন্তর্ভুক্ত রয়েছে। বৃহৎ মন্দার সময়ের পর থেকে অন্য যেকোনো সময়ের তুলনায় অপেক্ষাকৃত বেশি সংখ্যক নিউ ইয়র্কবাসীর গৃহহীনতার সম্মুখীন হওয়ার এই সময়ে আমরা কোনো কাজ অর্ধেক করে রেখে দিতে পারি না। এসব বরাদ্দ আমাদের পূর্ণ প্রচেষ্টা পাওয়ার দাবি রাখে এমন একটি সংকট মোকাবেলার ক্ষেত্রে একটি উৎসাহব্যঞ্জক প্রথম পদক্ষেপের প্রতিনিধিত্ব করছে।"

<u>গভর্নর হোকলের আবাসন সংক্রান্ত এজেন্ডা</u>

2023 অর্থবছরের স্টেট বাজেটে গভর্নর 25 বিলিয়ন ডলারের একটি পাঁচ-বছর মেয়াদী সমন্বিত আবাসন পরিকল্পনা উপস্থাপন এবং সফলভাবে প্রণয়ন করেছেন যা নিউ ইয়র্ক জুড়ে 100,000 সাশ্রয়ী বাড়ি তৈরি বা সংরক্ষণ করার মাধ্যমে আবাসনের সরবরাহ বৃদ্ধি করবে, যার মধ্যে অসহায় জনগোষ্ঠীর জন্য সহায়তামূলক পরিষেবাসম্পন্ন 10,000 বাড়ি এবং আরো 50,000 বাড়িতে বিদ্যুতায়ন সম্পন্ন করা অন্তর্ভুক্ত রয়েছে।

নিউ ইয়র্ক হাউজিং কমপ্যাক্ট, একটি সমন্বিত, বহুমাত্রিক কর্মকৌশল, যার মধ্যে প্রতিটি কমিউনিটিতে আবাসন খাতে প্রবৃদ্ধি অর্জনের জন্য স্থানীয় অংশগ্রহণের আবশ্যিকতা ও প্রণোদনা প্রদান অন্তর্ভুক্ত রয়েছে, যাতে স্টেটের প্রতিটি অংশ এই জরুরি সংকটের সমাধানের জন্য অংশীদার হিসেবে ভূমিকা পালন করতে পারে। এছাড়াও এই পরিকল্পনা অনুযায়ী MTA রেল স্টেশনবিশিষ্ট মিউনিসিপ্যালিটিগুলোর জন্য উচ্চতর ঘনত্বের আবাসিক উন্নয়ন প্রকল্পের জন্য জায়গা করে দেওয়ার উদ্দেশ্যে স্থানীয়ভাবে রিজোনিং করা আবশ্যক হবে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে: www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418